



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা
doict.kalmakanda.netrokona.gov.bd



নোটিশ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবক/যুব মহিলাদের কর্মসংস্থানের নিমিত্ত কলমাকান্দা উপজেলায় ১৫ দিন ব্যাপী মোট ৪৫ ঘন্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ ও মনযোগী প্রশিক্ষার্থীদের নির্ধারিত ফর্মে আগামী ২২ মে, ২০২৩ খ্রি. তারিখ হতে ০৩ জুন, ২০২৩ খ্রি. পর্যন্ত বিকেল ৪.০০ ঘটিকার মধ্যে আবেদন উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস, কলমাকান্দা, উপজেলা পরিষদ(নিচতলা), নেত্রকোণা বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

কোর্সের নামঃ

- ১) ডিজিটাল মার্কেটিং
- ২) গ্রাফিক্স ডিজাইনিং

প্রশিক্ষার্থীর যোগ্যতাঃ

- ১) ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক হতে হবে।
- ২) কলমাকান্দা উপজেলার বর্তমান বাসিন্দা।
- ৩) এম এস ওয়া ড ,এক্সেল,ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
- ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ৫) ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।
- ৬) উক্ত প্রশিক্ষণের জন্য কোন প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।

- প্রশিক্ষার্থীদের এক্সপার্ট ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে কাজ করার সুযোগ থাকবে।
- সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।

** আবেদনকৃত প্রশিক্ষার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে উপজেলা ওয়েব পোর্টাল ও আইসিটি অধিদপ্তরের উপজেলা পোর্টালে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষার্থীদের নিয়ে বিনামূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।

বিস্তারিত জানতে ভিজিট করুন: <https://doict.kalmakanda.netrokona.gov.bd/>
এবং <https://kalmakanda.netrokona.gov.bd/>

Rasel Ahmed

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা

✉ :raselcse68@gmail.com

rasel.ahmed@doict.gov.bd